# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. ৭. ২. একজন, দুজন, তিনজন না অনেক মহিলা?

উপরের উদ্ধৃতিগুলোর আরেকটা বৈপরীত্য প্রথম কবরে গমনকারী মহিলাদের সংখ্যা বিষয়ে। যোহন নিশ্চিত করেছেন যে, শুধু মগ্দলীনী মরিয়ম একাই কবরে যান (যোহন ২০/১)। মথি লেখেছেন যে, শুধু দুজন মহিলা সেখানে গিয়েছিলেন: মগ্দলীনী মরিয়ম ও সেই অন্য মরিয়ম (মথি ২৮/১)। মার্ক নিশ্চিত করেছেন যে, তিনজন মহিলা সেখানে গমন করেন: মগ্দলীনী মরিয়ম, যাকোবের মা মরিয়ম এবং শালোমী (মার্ক ১৬/১)। এ অদ্ভুত বৈপরীত্যে নতুন মাত্রা যোগ করলেন লূক। তাঁর ভাষ্যে মহিলারা ৫ জনের কম ছিলেন না: মগ্দলীনী মরিয়ম, যোহানা, ইয়াকুবের মাতা মরিয়ম এবং ইঁহাদের সাথে অন্য স্ত্রীলোকেরা (Mary Magdalene, Joanna, Mary the mother of James, and ‘other women’)। ‘অন্য স্ত্রীলোকেরা’ বহুবচনে কম পক্ষে দুজন। তাহলে কমপক্ষে পাঁচ জন কবরে গমন করেন। (দেখুন: লূক ২৩/৫৫, ২৪/১, ২৪/১০)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14064

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন